**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**গুলশান শাখা, ঢাকা ।**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ব্লুবেরী ট্রেডিং লিঃ, চেয়ারম্যান, জনাব দিলীপ এভারেষ্ট রোজারিও, ব্যাবসায়ীক ঠিকানা : বাড়ী নং- ৪৭/৭২ , রোড নং- ০৬, ব্লক – সি, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২ , বর্তমান ঠিকানা : বাড়ী নং ১/বি , রোড নং ১২৬, ব্লক - সি, গুলশান-১, ঢাকা-১২১২, স্হায়ী ঠিকানা: C/O. বেনজামীন ডি' রোজারিও , গ্রাম + পোষ্ট অফিস – হাসনাবাদ, থানা – নবাববগঞ্জ, জেলা – ঢাকা এবং ব্যবস্থাপনা পরিচালক, জনাব মোঃ এনায়েতুল ইসলাম, ব্যাবসায়ীক ঠিকানা : বাড়ী নং- ৪৭/৭২ , রোড নং- ০৬, ব্লক – সি, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২ , বর্তমান ঠিকানা : বাড়ী নং- ১৮, রোড নং- ১০, সেক্টর -১৪, উত্তরা, ঢাকা- ১২৩০, স্হায়ী ঠিকানা: বাড়ী নং -৮৫, পশ্চিম আশকোনা, উত্তরা, ঢাকা -১২৩০ কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, গুলশান শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬/১১/২০২০ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা **মোট টাকা=৮০,১৪২,৫৮৪.৩৭ (আট কোটি এক লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত চুরাশি টাকা সাইত্রিশ পয়সা মাএ)** টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

All that premise 01 (One) apartment of floor space measuring 2800 sft. (more or less) on the 4th floor of the 8-storied building including a car parking space on ground floor along with right for common use with other facilities, along with undivided and undemarcated proportionate share of land measuring 90 (Ninety) ajutangsha out of measuring 3.74 decimals, situated within District-Dhaka, Police Station- Dhanmondi (Sabek), Kalabaghan (Present) Sub-Registry Office- Tejgaon (Sabek), Dhanmondi (Present), under Dhaka Collectorate Touzui J.L. No. C.S.- 251, S.A.- 01, R.S.-11, Mouza- Dhanmondi, C.S. Khatian No. 206, S.A. Khatian No. 116, R.S. Khatian No. 1056, Dhaka City Jarip Khatian No. 935, corresponding Dag No. C.S Dag No. 04, S.A. Dag no. 6/1139, R.S. Dag No. 20 (Twenty), Dhaka City Jarip Dag No. 53 owned by Mr. Dilip Everest Rozario, Chairman of Blueberry Trading Limited. Butted & bounded by: On the North: Panthapath, On the South: Tanzunessa Khatun, On the East: Madim Ulla, On the West: Road**.**

### নিলামের শর্তাবলী

(১) আগামী ২৬/১১/২০২০ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা ।**